দৈনিক সংবাদ

25

তারিখ 9 MAY 1990
পৃষ্ঠা 7 কলাম 9

### শিক্ষক সমিতি ফেডারেশন

# মাধ্যমিক পরীক্ষায় নকল প্রতিরোধের আহ্বান

(নিজস্ব বার্তা পরিবেশক)

শিক্ষক সমিতি ফেডারেশন মাধ্যমিক পরীক্ষায় নকল প্রতিরোধ ও দুর্নীতি দমনে অগ্রণী ভূমিকা পালন করার জন্য সর্বস্তরের জনসাধারণের প্রতি আহ্বান জানিয়েছে।

গতকাল মঙ্গলবার দুপুরে স্থানীয় একটি হোটেলে আয়োজিত সাংবাদিক সম্মেলনে এ আহ্বান জানানো হয়। সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্য পড়ে শোনান ফেডারেশনের মহাসচিব প্রিন্সিপ্যাল এ, কে, এম শহীদুল্লাহ। অনুষ্ঠানে সরকারী ও বেসরকারী কলেজ, মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসা শিক্ষক সমিতির নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

প্রিন্সিপ্যাল শহীদুল্লাহ বলেন ঃ ১৯৮৮ সালে অনুষ্ঠিত মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় ঢাকা বোর্ডে পাসের হার ছিল শতকরা ৬৩ দশমিক ১৫ ভাগ। গত বছর অনুষ্ঠিত এস,এস,সি পরীক্ষায় নকল প্রতিরোধ ও দুর্নীতি দমনে সংশ্লিষ্ট সকলে কঠোর ব্যবস্থা গ্রহণ করায় পাসের হার ৩৯ দশমিক ১০ শতাংশে নেমে আসে। এবারও নকল প্রতিরোধ ও দুর্নীতি দমনে সংশ্লিষ্ট সকলে অনুরূপ ভূমিকা পালন করবেন বলে তিনি আশা প্রকাশ করেন। তিনি বলেনঃ দেশের সার্বিক পরিস্থিতির উন্নতি না হলে শুধুমাত্র শিক্ষকরা পরীক্ষায় দুর্নীতি রোধ করতে পারবেন না। নকল করার প্রবণতা নিরুৎসাহিত করার জন্য জাতীয় পর্যায়ে উদ্যোগ নিতে হবে বলে তিনি উল্লেখ করেন।

তিনি জানান, আগামীকাল বৃহস্পতিবার থেকে অনুষ্ঠেয় এস,এস,সি পরীক্ষায় ৫০২টি কেন্দ্রে ৪ লাখ ৫৪ হাজার ৩শ' ৪৯ জন ছাত্রছাত্রী অংশ নেবে। গত বছর এস,এস,সি পরীক্ষার্থীর সংখ্যা ছিল ৪ লাখ ৪৫ হাজার ৪শ' ৬২।